

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৩৯

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর/ ৫০

পরিচ্ছেদঃ সূরা আন-নিসা

بَابُ: وَمِنْ سُورَةِ النَّسَاءِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، وَعَبْدُ بْنُ حُمَيْدٍ، قَالَا حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ، أَخْبَرَنِي مَوْلَى ابْنِ سَبَّاحٍ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ، يُحَدِّثُ عَنْ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ، قَالَ كُنْتُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُنْزِلَتْ عَلَيْهِ هَذِهِ الْآيَةُ : (مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ وَلَا يَجِدْ لَهُ مِنْ دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا) فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يَا أَبَا بَكْرٍ أَلَا أُقْرِكُ آيَةً أُنْزِلَتْ عَلَيَّ " . قُلْتُ بَلَى يَا رَسُولَ اللَّهِ . قَالَ فَأَقْرَأْنِيهَا فَلَا أَعْلَمُ إِلَّا أَنِّي قَدْ كُنْتُ وَجَدْتُ انْقِصَامًا فِي ظَهْرِي فَتَمَطَّأْتُ لَهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا شَأْنُكَ يَا أَبَا بَكْرٍ " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي وَأَيْنَا لَمْ يَعْمَلْ سُوءًا وَإِنَّا لَمَجْزُؤُونَ بِمَا عَمَلْنَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " أَمَّا أَنْتَ يَا أَبَا بَكْرٍ وَالْمُؤْمِنُونَ فَتُجْزَوْنَ بِذَلِكَ فِي الدُّنْيَا حَتَّى تَلْقُوا اللَّهَ وَلَيْسَ لَكُمْ ذُنُوبٌ وَأَمَّا الْآخَرُونَ فَيُجْمَعُ ذَلِكَ لَهُمْ حَتَّى يُجْزَوْا بِهِ يَوْمَ الْقِيَامَةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَفِي إِسْنَادِهِ مَقَالٌ . مُوسَى بْنُ عُبَيْدَةَ يُضَعَّفُ فِي الْحَدِيثِ ضَعْفُهُ يَحْيَى بْنُ سَعِيدٍ وَأَحْمَدُ بْنُ حَنْبَلٍ وَمَوْلَى ابْنِ سَبَّاحٍ مَجْهُولٌ . وَقَدْ رَوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ عَنْ أَبِي بَكْرٍ وَلَيْسَ لَهُ إِسْنَادٌ صَحِيحٌ أَيْضًا . وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ .

বাংলা

৩০৩৯. ইয়াহইয়া ইবন মুসা ও আবদ ইবন হুমায়দ (রহঃ) আবু বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে উপবিষ্ট ছিলাম। তখন এই আয়াত নাযিল হয়ঃ

مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ وَلَا يَجِدْ لَهُ مِنْ دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا

যে কেউ মন্দ কাজ করবে তার প্রতিফল সে পাবেই এবং আল্লাহ্ ছাড়া সে কোন অভিভাবক ও কোন সহায়ক পাবে না। (৪ঃ ১২৩)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে আবু বকর! আমি কি তোমার কাছে একটি আয়াত পড়ব না, যা আমার উপর নাযিল হয়েছে? আমি বললামঃ অবশ্যই ইয়া রাসূলুল্লাহ! তিনি আমাকে তা পড়ে শোনালেন। আমি আর কিছুই জানি না তবে আমার পিঠে যেন একটি আঘাত অনুভব করলাম। এর জন্য আমি পিঠ টান করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আবু বকর! তোমার কি হল?

আমি বললামঃ ইয়া রাসূলুল্লাহ! আপনার জন্য আমার পিতা-মাতা কুরবান হোন, আমাদের মধ্যে এমন কে আছে যে মন্দ কাজ করে না? আমরা যা কিছু করি সবকিছুরই কি প্রতিফল ভোগ করতে হবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে আবু বকর! তুমি এবং মু'মিনদের তো দুনিয়াতেই এর বদলা হয়ে যাবে। শেষে আল্লাহর সঙ্গে এমন অবস্থায় তাদের সাক্ষাৎ হবে যে, তাদের কোন গুনাহ থাকবে না। কিন্তু আমাদের ক্ষেত্রে মন্দ সব কিছু জমা করা হবে। অবশেষে কিয়ামতের দিন তাদের সে সবার প্রতিফল প্রদান করা হবে।

হাদীসটি গারীব। এর সনদের সমালোচনা রয়েছে। মুসা ইবন উবায়দা হাদিস রিওয়ায়তের ক্ষেত্রে যঈফ। ইয়াহুইয়া ইবন সাঈদ এবং আহমাদ ইবন হাম্বল (রহঃ) তাকে যঈফ বলেছেন। ইবন সাব্বা-এর মাওলাও অজ্ঞাত।

আবু বকর রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদীসটি অন্যভাবেও বর্ণিত আছে। এর সনদে ও সহীহ নয়। এই বিষয়ে আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৩৯ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated Abu Bakr As-Siddiq:

"I was with the Prophet (ﷺ) when this Ayah was revealed to him: Whoever works evil will have the recompense of it (4:123). So the Messenger of Allah (ﷺ) said: 'O Abu Bakr! Shall I recite to you an Ayah revealed to me?' I said: 'Of course O Messenger of Allah!' So he recited it to me, and I do not know except that I found it as a fatal blow, but I repressed it. So the Messenger of Allah (ﷺ) said: 'What is bothering you O Abu Bakr?' I said: 'O Messenger of Allah! May my father and my mother be your ransom! Which of us has not done evil - and yet we shall be recompensed for what we have done?' So the Messenger of Allah (ﷺ) said: 'As for you O Abu Bakr, and the believers, they will be recompensed for that in the world until they meet Allah and they have no sins. As for the others, then that will be collected for them until they

are recompensed for it on the Day of Judgement.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু বকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38391>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন